আমরা **'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ'** কর্তৃক স্মার্ট বাংলাদেশ রূপকল্পের বিভিন্ন দিক নিয়ে বিশিষ্ট গবেষকদের লেখা, কর্মকর্তা বা কর্মচারী ও সেবা গ্রহীতাদের জন্য **'স্মার্ট বাংলাদেশ অভিযাত্রা'** নামে প্রকাশনা বের করছি। এ প্রকাশনায় যারা শুভেচ্ছা বাণী প্রদান করেছেন তাদের এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

নুর মোহাম্মদ সিদ্দিকী
চেয়ারম্যান ও গবেষণা পরিচালক
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড

WFB™
WELFARE FAMILY
BANGLADESH

মোহাম্মদ নুরুল ইসলাম

সিনিয়র এক্সিকিউটিভ চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ

প্রধান নির্বাহী কর্মকর্তার ডেস্ক থেকে

পার্বত্য চট্টগ্রাম (রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান) জাতিগত গঠন, ভৌগলিক পরিবেশ এবং জনগণের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যের দিক থেকে দেশের সব অঞ্চলের মধ্যে সবচেয়ে বৈচিত্র্যময় অঞ্চল হিসেবে বিবেচিত। চরম দারিদ্র্য, স্বল্প স্বাক্ষরতা, দুর্গম যোগাযোগ, অপ্রতুল স্বাস্থ্যসেবা, সাংস্কৃতিক ভিন্নতা ও জাতিগত সংঘাত ইত্যাদি কারণে বিগত শতকের শেষ তিন দশক পার্বত্য চট্টগ্রাম ছিল পশ্চাৎপদ ও অস্থিতিশীল। এই অস্থিতিশীল পরিস্থিতি উত্তরণের লক্ষ্যে ১৯৯৭ সালের ২রা ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে ঐতিহাসিক “পার্বত্য চট্টগ্রাম চুক্তি” স্বাক্ষরিত হলে এনজিও সংস্থাগুলির মাধ্যমে উন্নয়নের জন্য একটি নতুন যুগের সূচনা হয়। এ ধারাবাহিকতায় দারিদ্র্য বিমোচন তথা দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নের লক্ষ্যে ২০০২ সালের ৯ জানুয়ারি বেসরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা হিসেবে ওয়েলফেয়ার এসোসিয়েশন পরবর্তীতে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ পরিবর্তিত নামে প্রতিষ্ঠিত হয়। আমাদের সংস্থা সমাজসেবা অধিদফতর ও এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধনকৃত এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তিভূক্ত প্রতিষ্ঠান। শূন্য অভিজ্ঞতা নিয়ে আমার জীবনের বিগত ১৩ বছর ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এনজিও সংস্থার কার্যক্রমের সাথে সংযুক্ত থেকে সিনিয়র এক্সিকিউটিভ চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা (জেনারেল সেক্রেটারি) পদের দায়িত্ব পালন একটি দুর্দান্ত অভিজ্ঞতা। আমাদের সংস্থা বিগত ২১ বছরে কমিউনিটির ক্ষমতায়নে নির্ধারিত লক্ষ্য অর্জনের পথে সকল বিরূপ পরিস্থিতির মোকাবেলা করে বিভিন্ন বাধা-বিপত্তি ও সুবিধা-অসুবিধার মধ্য দিয়ে লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীর উন্নয়নের মাধ্যমে বর্তমান অবস্থায় পৌঁছুতে পেরেছে বলে মনে করি। **‘ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ’** প্রতিষ্ঠালগ্ন থেকে তার সিকি শতাব্দী অতিক্রান্ত করতে পারবে এ বিষয়ে আমার কোনো সংশয় ছিল না। তার কারণ- সংস্থাটিকে দুর্নীতিমুক্ত রাখার নীতি গ্রহণ করা হয়েছিল। পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল ও পয়ঃনিষ্কাশন, নারী ক্ষমতায়ন, গৃহায়ন, উদ্যোক্তা উন্নয়ন, মাতৃভাষা শিক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন, গবেষণা, প্রকাশনা, শিক্ষাবৃত্তি প্রদানসহ বিভিন্ন ক্ষেত্রে কার্যক্রম পরিচালনা করে আসছে। এসব কার্যক্রমের মাধ্যমে আমরা পৌঁছাতে পেরেছি মাত্র ৬৯,০৯১ জন প্রত্যক্ষ সুফল ভোগী ও ৩৯,১১৩ পরিবারের কাছে। সম্পদের সীমাবদ্ধতার কারণে পৌঁছতে পারিনি আরো অনেক সুবিধা বঞ্চিত ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর কাছে। আগামীতে সেসব জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর চেষ্টা অব্যাহত থাকবে এবং আমরা প্রতিশ্রুতিবদ্ধ। অত্যন্ত আনন্দের বিষয় এই, বর্তমানে আমাদের সংস্থা লক্ষ্যভূক্ত জনগোষ্ঠী ও উপকার ভোগীদের চাহিদা মাথায় রেখে চতুর্থ শিল্প বিপ্লব ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ওয়েলফেয়ার স্মার্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০২৩ অনুযায়ী My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.welfare.com.bd অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে।

শুরুতে আমাদের কর্মপরিধি ছিল রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার ২৬টি উপজেলার মধ্যে সীমিত। বর্তমানে আমাদের সংস্থাটি চট্টগ্রাম বিভাগের ১১টি জেলায় ৯৯টি উপজেলাতে প্রযুক্তির সহায়তায় কাজের পরিধি বিস্তৃত করার প্রয়াস হাতে নিয়েছে। সংস্থার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ক্রমান্বয়ে দেশের অন্যান্য বিভাগের দরিদ্র পীড়িত অঞ্চলেও বিস্তৃত হবে। অন্যান্য সামাজিক উন্নয়ন কর্মসূচির পাশাপাশি স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট ও স্মার্ট সোসাইটি এবং জ্ঞান ভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভূক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হবার লক্ষ্যে ওয়েলফেয়ার প্রকল্প ও কর্মসূচি এবং কার্যক্রম নীতিমালা, ২০২৩ এর আলোকে ১) স্মার্ট এডুকেশন, ২) স্মার্ট এগ্রিকালচার, ৩) কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (CSS), ৪) সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP), ৫) সোস্যাল অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট পলিসি (SEDP), ৬) পভার্টি এলিভিয়েশন পলিসি (Muldhan), ৭) ওয়েলফেয়ার-স্মার্ট গভর্ণমেন্ট বাস্তবায়ন, ৮) ওয়েলফেয়ার এন্ট্রেপ্রেনিউরস অন্তর্ভূক্তকরণ এবং ৯) সোস্যাল বিজনেস বাস্তবায়নে ১৫ ও ২৫ বছর মেয়াদী প্রকল্প, কর্মসূচি ও সামাজিক

কার্যক্রমসমূহ সম্প্রসারণ করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। উল্লেখ্য যে, লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীর চাহিদার প্রতি লক্ষ্য রেখে সামাজিক উন্নয়ন সেক্টর, অর্থনৈতিক উন্নয়ন সেক্টর, জীবিকায়ন সেক্টর, কৃষি উন্নয়ন সেক্টর, জ্বালানী এবং পরিবেশগত উন্নয়ন সেক্টর, দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা সেক্টর, অধিকার এবং সুশাসন সেক্টর ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন সেক্টর চালু করা হয়েছে। ফলে সংস্থার কাজের কলেবর বৃদ্ধির সাথে সাথে এর জনবল ও বৃদ্ধি পাচ্ছে।

এর ধারাবাহিকতায় ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ কর্মী নিয়োগ, পদায়ন, বদলী, পদোন্নতি, দক্ষতা বৃদ্ধি, কর্মীদের আর্থিক ও অনার্থিক সুবিধাদি প্রদান ইত্যাদি ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের গাইডলাইন ও সংশ্লিষ্ট সকল কর্মীদের আচরণ নিয়ন্ত্রণ ও উচ্চ মনোবল অর্জনে সহায়তা করতে আমরা **'স্মার্ট বাংলাদেশ অভিযাত্রা'** প্রকাশনার সাথে প্রাতিষ্ঠানিক তথ্যাবলী ও জন স্বার্থে প্রকাশ করছি। অত্যন্ত গৌরববোধ করি- ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ বেশ কিছু মৌলিক গবেষণা কর্ম দিয়ে পার্বত্য চট্টগ্রামের সৃজনশীল কর্মসম্ভার সমৃদ্ধ করেছে ও ৫৮টির অধিক সেক্টরে প্রভূত কাজ করেছে।

বর্তমানে **'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ'** নামে এই সংগঠনটি এখন সর্বজন পরিচিত। আমি ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ দুই দশকের ঘটনাবহুল যাত্রায় প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ-এর সম্মানিত উপদেষ্টা, সাধারণ এবং কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যদের সক্রিয় সমর্থন ও আমাদের সংস্থা, দাতা সংস্থা, সমস্ত কর্মী, সাধারণ সদস্য, সহকর্মী বা আমাদের সম্মানিত বন্ধু, নেটওয়ার্ক সদস্য, বিগত ২১ বছর সামাজিক কার্যক্রমে জড়িত আমাদের অংশীদার এবং শুভাকাঙ্ক্ষি যারা **'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ'** এর পাশে ছিলেন এবং আছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাই এই দীর্ঘযাত্রায় ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য। আমি আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্যান্য নিরাপত্তা সংস্থার প্রতিও কৃতজ্ঞ যারা আমাদের কর্মসূচির বাস্তবায়নকে নিরাপদ করতে সহায়তা করেছেন এবং আরও ধন্যবাদ জানাই আমার সহকর্মীদের যারা আজ পর্যন্ত সংস্থার আদর্শে অবিচল থেকে যারা পেশাদারিত্বের সাথে এখনো প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বঞ্চিত ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর সাথে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এর লক্ষ্য অর্জনে কাজ করে যাচ্ছেন যাদের নিরন্তর ও আন্তরিক প্রচেষ্টা ছাড়া ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এই পর্যায়ে পৌঁছাতে পারতো না, তাদের সকলকে কৃতজ্ঞতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করছি। এখানে আমাদের বিপুল কর্মযজ্ঞের কিছু সচিত্র নমুনা উপস্থাপনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ অভিযাত্রায় সন্নিবেশ করেছি যেন আক্ষরিক অর্থেই আমাদের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি সকলের সামনে উন্মুক্ত থাকে।

আমরা সকলের সহযোগীতা চাই এবং কাজ করে যেতে চাই স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে।

মোহাম্মদ নুরুল ইসলাম
সিনিয়র এক্সিকিউটিভ চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ

মোহাম্মদ আবুল বাশার

উপসচিব
(কোম্পানি সেক্রেটারি)
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
ও
ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট।

আমরা কাজ করে যেতে চাই স্বপ্নের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে

চরম দারিদ্র্যতা নিয়ে স্বাধীন হওয়া একটি দেশ মাত্র ৫০ বছরের মধ্যে বিশ্বকে দেখিয়ে দিয়েছে উদ্ভাবন, নিষ্ঠা, লক্ষ্য নির্ধারণ এবং দূর দৃষ্টিসম্পন্ন নেতৃত্বের সমন্বয়ে এমন কিছু করা সম্ভব, যা কল্পনা করাও কঠিন। সেই দেশ আমাদের প্রিয় বাংলাদেশ; দারিদ্র্য নিরসনে আমাদের আশ্চর্য সাফল্য এখন বিশ্বজুড়ে আলোচিত এবং স্বীকৃত। যা সম্ভব হয়েছে এ দেশের মানুষের কঠোর পরিশ্রম, দেশপ্রেম, সকলের সম্মিলিত প্রয়াস এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের কারণে।

কিন্তু বলার অপেক্ষা রাখেনা যে, আমাদের আরো অনেক দূর যেতে হবে এবং সুজলা-সুফলা এই দেশের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে এই জাতিকে উন্নত বিশ্বের কাতারে নিয়ে যেতে হবে। এ জন্য আমাদের সক্ষম সকল নাগরিকের মেধা ও হাত কাজে লাগাতে হবে। সকলের কাজের ব্যবস্থা নিশ্চিত করা সরকারের একার পক্ষে যেমন কঠিন, তেমনি সকল সম্ভাবনার ক্ষেত্রগুলো একসাথে সক্রিয় রাখার জন্য শুধুমাত্র সরকারি উদ্যোগ যথেষ্ট নয়। সরকার নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করবেন, আর অর্জিত শিক্ষা ও সুস্বাস্থ্যকে পুঁজি করে দেশের বেশির ভাগ নাগরিক যখন নিজেই এক একজন উদ্যোক্তা উঠতে পারবে, তখন আমাদের এই এগিয়ে যাওয়ার গতি আরো তরান্বিত হবে। এ দেশের সেচ্ছাসেবী সংস্থা তথা এনজিও গুলো সেই কাজটিই করছে। সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে স্বাস্থ্য ও শিক্ষার উন্নয়নে কাজ করার পাশাপাশি উদ্যোক্তা তৈরিতে যুগান্তকারী ভূমিকা পালন করছে।

এই মহান লক্ষ্য সামনে রেখেই কাজ করছে **'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ'** আমাদের এনজিও সংস্থাটি রাঙামাটি পার্বত্য জেলার সমাজসেবা কার্যালয় হতে ২০০২ সালে এবং এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা হতে ২০০৭ সালে নিবন্ধিত একটি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা। বিগত দুই দশক আমরা বিভিন্ন আঙ্গিকে সমাজ উন্নয়নে আমাদের সাধ্যমত অবদান রেখে আসতে সক্ষম হয়েছি। বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর 'স্মার্ট বাংলাদেশ' রূপকল্প-২০৪১ ঘোষণার পর আমরা এই লক্ষ্য বাস্তবায়নে কাজ করছি। বাংলাদেশ সরকারের গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে 'স্মার্ট বাংলাদেশ' রূপকল্প-২০৪১, বাস্তবায়নের লক্ষ্যে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি ও স্মার্ট অর্থনীতির পথ সুগম করাসহ 'স্মার্ট এডুকেশন' বিস্তারের লক্ষ্যে বিভিন্ন জেলা, উপজেলা, ইউনিয়ন ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট এডুকেশন অ্যাডভোকেসি সভা ও সচেতনতামূলক ক্যাম্পেইন, উঠান বৈঠক, অভিভাবক সমাবেশ পরিচালনা করার মাধ্যমে আমরা জনসচেতনতা সৃষ্টির প্রয়াস হাতে নিয়েছি। শিক্ষার্থীরা যেন স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে সে লক্ষ্যে ঘোষিত কর্মপরিধি এলাকাব্যাপী শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে নিয়মিত কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি।

আমরা আনন্দিত যে, আমাদের লক্ষ্য বাস্তবায়নের পথে আমরা একদল উদ্যোমী তরুণ তরুণীকে সাথে পেয়েছি। যারা প্রতিনিয়ত রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার প্রত্যন্ত এলাকাগুলো বহুবার গমন করেছেন শিক্ষার্থীদের মাঝে স্মার্ট বাংলাদেশের ধারনা পৌঁছে দেওয়াসহ দারিদ্র্য বিমোচনে সামাজিক সচেতনতা গড়ে তুলতে। যা অর্ন্তভূক্তি মূলক উন্নয়নের ধারণাকে সম্প্রসারিত করছে। এর অংশ হিসেবেই আমরা স্মার্ট বাংলাদেশ রূপকল্পের বিভিন্ন দিক নিয়ে এই প্রকাশনার উদ্যোগ গ্রহণ করেছি। এ প্রকাশনাকে সফল করার জন্য আমারা সকলের সহযোগীতা চাই এবং কাজ করে যেতে চাই স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে।

মোহাম্মদ আবুল বাশার
উপসচিব
(কোম্পানি সেক্রেটারি)
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
ও
ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মার্ট বাংলাদেশ, চতুর্থ শিল্পবিপ্লব ও কিছু প্রস্তাব

রূপকল্প ২০২১ বাস্তবায়ন হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ পর্ব শেষে আবারও নতুন লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এবারের লক্ষ্যের নাম 'স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১'। আপাতদৃষ্টিতে, ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশ একই প্রকৃতির রূপকল্প মনে হলেও ব্যবহারিক ও ধারণাগত দৃষ্টিকোণ থেকে তা বেশ ভিন্ন। ডিজিটাল বাংলাদেশ হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যম। অপরপক্ষে, স্মার্ট বাংলাদেশ হলো ডিজিটাল বাংলাদেশের পরবর্তী সুসংহত পরিমার্জিত রূপ, যা মূলত সরকারি সেবা থেকে শুরু করে অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশকে স্মার্টভাবে উপস্থাপনের প্রয়াস, যেখানে সকল ধরণের ন্যায্য জন অধিকার পূর্বের তুলনায় অধিকতর সক্ষমতার সঙ্গে নিশ্চিত করার মহাপরিকল্পনা করা হয়েছে। মূলত চতুর্থ শিল্প বিপ্লবের যুগে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ করার প্রয়াসই হলো স্মার্ট বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন এবং চতুর্থ শিল্প বিপ্লবে নেতৃত্ব অর্জন করতে কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লক চেইন, আইওটি, ন্যানো টেকনোলজি, বায়োটেকনোলজি, রোবোটিকস, মাইক্রোপ্রসেসর ডিজাইনের মতো ক্ষেত্রগুলোয় জোর দিতে হবে। এর জন্য অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি দক্ষ মানবসম্পদ গড়ে তোলা জরুরি। এই প্রেক্ষাপটকে সামনে রেখে এ প্রবন্ধে কিছু প্রস্তাব তুলে ধরা হয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লব ও স্মার্ট বাংলাদেশ

চতুর্থ শিল্প বিপ্লবের পূর্বে আরও তিনটি বিপ্লব সংঘটিত হয়েছে বিশ্বজুড়ে। যে জাতি বা যে দেশ সে বিপ্লবের সঙ্গে তাল মেলাতে পারেনি তারা হয়েছে অনুন্নত বা উন্নয়নশীল দেশ। অনুন্নত বা উন্নয়নশীল দেশ হওয়ার কারণে শিল্প বিপ্লবের সুফল তারা পায়নি। প্রথম শিল্প বিপ্লবের স্থায়িত্ব ছিল ১৭৬০ থেকে ১৮৪০ সাল পর্যন্ত। রেলপথ নির্মাণ ও বাষ্পীয় ইঞ্জিন উদ্ভাবনের মাধ্যমে এ বিপ্লব যান্ত্রিক উৎপাদনের ক্ষেত্রে নতুন যুগের সূচনা করে। দ্বিতীয় শিল্প বিপ্লবের শুরু উনিশ শতকের গোড়ার দিকে এবং এর ব্যাপ্তি ছিল বিশ শতক জুড়ে। বিদ্যুৎ উৎপাদন এবং কনভেয়র বেল্ট-নির্ভর অ্যাসেম্বলি লাইনের প্রয়োগের মাধ্যমে এ বিপ্লব উৎপাদন বহুগুণ বাড়িয়ে দিলে শিল্পোদ্যোক্তাদের আবির্ভাব তথা ব্যবসায়ী ও শিল্পপতি শ্রেণির উদ্ভব হয়। তৃতীয় শিল্প বিপ্লবের সূচনা ঘটে ১৯৬০ এর দশকে। এটাকে কেউ কেউ কম্পিউটার বা প্রাথমিক পর্যায়ের ডিজিটাল বিপ্লব বলে অভিহিত করে থাকেন। এর প্রভাবক ছিল সেমি কন্ডাক্টার, মেইন ফ্রেম কম্পিউটিং, পার্সোনাল কম্পিউটিং ও সর্বশেষ ইন্টারনেট।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিষ্ঠাতা ও নির্বাহী সভাপতি অধ্যাপক Klaus Schwab মনে করেন চতুর্থ শিল্প বিপ্লব প্রাথমিক পর্যায়েই আছে, যার সূচনা হয়েছে এ শতাব্দীর শুরুতে আর তা গড়ে উঠেছে ডিজিটাল বিপ্লবের উপর ভিত্তি করে। ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) অধ্যাপক এরিক ব্রিনজফসনআন্ড্র ম্যাকাফি এই যুগকে বর্ণনা করেছেন 'দ্বিতীয় যান্ত্রিক যুগ' হিসাবে। Second Machine Age নামে ২০১৪ সালে প্রকাশিত বইয়ে বলা হয় 'সভ্যতা এখন এক পথের মোড়ে আছে, যেখানে এই ডিজিটাল প্রযুক্তি অটোমেশন ও অভাবনীয় সব জিনিস তৈরির মাধ্যমে পূর্ণশক্তিতে নিজেকে বিকশিত করবে। সভ্যতা এক নতুন মাত্রা পাবে। সুতরাং, অন্যদের কাছে যা চতুর্থ শিল্প বিপ্লব বা ডিজিটাল যুগের পরবর্তী অবস্থা বর্তমান সরকারের কাছে তা স্মার্ট বাংলাদেশ গঠনের আহ্বান।

স্মার্ট বাংলাদেশের বিষয়বস্তু

২০২১ সালে মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে একটি টেকসই ও উন্নত দেশে রূপান্তরিত করার সুনির্দিষ্ট রূপরেখা তুলে ধরেন তাঁর পাণ্ডিত্যপূর্ণ Suriving to Realize the ideals of My Father' শিরোনামে লেখা প্রবন্ধে। তিনি প্রবন্ধটিতে গুরুত্ব আরোপ করেছেন কীভাবে ডিজিটালাইজেশনের মাধ্যমে সাতটি সমস্যার মোকাবিলা করে বঙ্গবন্ধুর আদর্শের সোনার বাংলা বিনির্মাণ করা যায়, কীভাবে দেশ ও জাতিকে একটি স্মার্ট স্তরে উন্নীত করা যায়; যেখানে দেশ নিরক্ষরতা, দারিদ্র্য, দুর্নীতি, স্বৈরাচার, সন্ত্রাসবাদ এবং চরমপন্থার শৃঙ্খল থেকে মুক্তি পাবে, সর্বোপরি, সকলের জন্য একটি কাঙ্ক্ষিত জীবনযাত্রার মান নিশ্চিত করতে পারে। ২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশের ঘোষণা

ছিল বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের সবচেয়ে শক্তিশালী এবং অনুপ্রেরণাদায়ী একটি ঘোষণা। এ ঘোষণা সমাজের সকল শ্রেণি, বিশেষ করে তরুণ প্রজন্মকে আকৃষ্ট ও প্রভাবিত করতে সক্ষম হয় সবচেয়ে বেশি। সে ঘোষণার প্রায় ১৩ বছর পর ৭ এপ্রিল ২০২২ বাংলাদেশ যখন আরেকটি যুগসন্ধিক্ষণে দাঁড়িয়ে, ঠিক তখনই মাননীয় প্রধানমন্ত্রী ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের তৃতীয় সভায় 'স্মার্ট বাংলাদেশ' ২০৪১ রূপকল্প বাস্তবায়নের ধারণা দেন। ২০২২ সালের ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবসে মাননীয় প্রধানমন্ত্রী স্পষ্টভাবে জানিয়ে দেন, আগামী ২০৪১ সালের মধ্যে তিনি বাংলাদেশকে উন্নত দেশ হিসাবে গড়ে তুলবেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিকতম পদক্ষেপ হলো 'স্মার্ট বাংলাদেশ' গঠন। তিনি আরও বলেন, স্মার্ট বাংলাদেশের জন্য ৪টা ভিত্তি ঠিক করা হয়েছে- (১) স্মার্ট সিটিজেন (২) স্মার্ট ইকোনমি (৩) স্মার্ট গভর্ণমেন্ট এবং (৪) স্মার্ট সোসাইটি। (১) স্মার্ট সিটিজেন: এই স্তম্ভটির লক্ষ্য থাকবে বাংলাদেশের জনগণকে ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে মননে ও মেধায় ক্ষমতায়িত করা। ২০৪১ সালের বাংলাদেশের নাগরিককে সরকারের সকল কর্মকাণ্ডের এবং অর্থনীতির প্রাণশক্তি হিসাবে গড়ে তোলাই হলো স্মার্ট সিটিজেন ধারণা বাস্তবায়নের অন্যতম উদ্দেশ্য।

(২) স্মার্ট ইকোনমি: বাংলাদেশের অর্থনীতি হবে উদ্ভাবনীমূলক, যেখানে বাংলাদেশ শিল্প প্রযুক্তি বিপ্লবের অগ্রভাগে নেতৃত্ব দেবে, বিশেষ করে বস্ত্র, তৈরি পোশাক, হালকা প্রকৌশলসহ কৃষি খাতসমূহে। একটি স্টার্টআপ ইকোসিস্টেমের মাধ্যমে প্রায় ৫০ বিলিয়ন ডলার মূল্যের একটি শক্তিশালী তথ্য ও প্রযুক্তি শিল্প গড়ে তুলবে।

(৩) স্মার্ট গভর্ণমেন্ট: ২০৪১ সালের সরকার ব্যবস্থা হবে অনেকটা অদৃশ্য সরকার ব্যবস্থা। মানুষ যে কোনো ধরণের সেবা পাবে কোনো ধরনের মানুষের প্রত্যক্ষ উপস্থিতি ব্যতীত। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, জননিরাপত্তা, রাজস্ব ব্যবস্থাপনা ইত্যাদি একান্ত ব্যক্তিগত সেবাসমূহ হবে সম্পূর্ণ পেপারলেস।

(৪) স্মার্ট সোসাইটি: স্মার্ট সোসাইটি বলতে মূলত অন্তর্ভূক্তিমূলক সমাজ ব্যবস্থাকে বোঝাবে যেখানে সমাজের সকল শ্রেণির নাগরিক ও টেকসই জীবনযাত্রা অন্তর্ভূক্ত থাকবে। প্রযুক্তিগত সহনশীলতা, নৈতিকতা, মূল্যবোধ ইত্যাদি মানবিক বিষয়াদি নাগরিকদের মধ্যে প্রোথিত থাকবে। স্মার্ট সোসাইটির জীবনযাত্রা হবে স্থিতিশীল, প্রাণোচ্ছল যার চালিকাশক্তি আসবে একটি সমন্বিত প্রযুক্তিগত প্ল্যাটফর্ম হতে।

স্মার্ট বাংলাদেশ গঠনে উদ্যোগ

ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' গঠনের পাশাপাশি একটি নির্বাহী কমিটি ও গঠিত হয়েছে, যারা 'স্মার্ট বাংলাদেশ' ২০৪১ প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় নীতিমালা তৈরি করবেন। টাস্কফোর্সের নির্বাহী কমিটির কর্মপরিধিতে বলা হয়েছে, 'স্মার্ট বাংলাদেশ' কার্যকর রূপান্তরে স্বল্প-মধ্য-দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে আবশ্যকীয় ব্যবস্থা নেওয়া, আইন ও প্রযুক্তিগত অবকাঠামো সৃষ্টি এবং সকল পর্যায়ে তা কার্যকর করণে দিক নির্দেশনা দেবে এ কমিটি। বিশ্বমানের সুযোগ-সুবিধা নিয়ে দেশে ৩৯টি হাই-টেক পার্ক করা হয়েছে। গবেষণা-উদ্ভাবনী কাজে উৎসাহ দেওয়া এবং ইন্ডাস্ট্রি ও একাডেমির মধ্যে নেটওয়ার্ক সৃষ্টির উদ্দেশ্যে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত দেশের প্রথম আইটি বিজনেস ইনকিউবেটর শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর গত ৬ জুলাই ২০২২ তারিখে উদ্বোধন করা হয়। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মাধ্যমে বর্তমানে সারাদেশে ৯২টি হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের কাজ চলছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য ৬৪ জেলায় 'শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপন করা হচ্ছে, যার মধ্যে তিনটি প্রকল্প অনুমোদিত এবং আরও ৩৪টি জেলায় এটি স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া আগামী প্রজন্মকে চতুর্থ শিল্প বিপ্লব মোকাবিলার উপযোগী করে গড়ে তুলতে এবং ফ্রন্টিয়ার টেকনোলজি ও রোবোটিকস সম্পর্কে হাতে কলমে শিক্ষা দিতে ৩০০টি স্কুল অব ফিউচার প্রতিষ্ঠা করা হচ্ছে।

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ

স্মার্ট বাংলাদেশ গঠনের ভিত্তি হলো ডিজিটাল বাংলাদেশ। জনপ্রশাসন মন্ত্রণালয় স্মার্ট বাংলাদেশ গঠনে ইতোমধ্যে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কারিকুলামে 'স্মার্ট বাংলাদেশ' মডিউল আবশ্যিকভাবে অন্তর্ভূক্ত করা হয়েছে, যাতে সরকারের এই উদ্যোগের সঙ্গে নবীন সরকারি কর্মকর্তাগণ তাঁদের কর্মজীবনের প্রারম্ভেই পরিচিত হতে পারেন এবং মাঠ প্রশাসনে গিয়ে লব্ধ জ্ঞানের প্রয়োগ ঘটাতে পারেন। জনপ্রশাসনে কর্মরত সকল কর্মকর্তার ডেটাবেজ - সংবলিত Government Employee Management System(GEMS) সফটওয়্যারের কাজ চলমান, যা সম্পন্ন হলে মানবসম্পদ ব্যবস্থাপনা ও মানবসম্পদ উন্নয়ন আরও বেশি দক্ষতার সঙ্গে সম্পন্ন করা সম্ভবপর হবে। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জেলা-উপজেলা পর্যায়ে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট এবং স্মার্ট সোসাইটি প্রতিষ্ঠার লক্ষ্যে মাঠ প্রশাসনের কর্মকর্তারা কাজ করে যাচ্ছেন।

চতুর্থ শিল্প বিপ্লবে জনপ্রশাসন: সেবাদানের ক্ষেত্রে এর প্রায়োগিক তাৎপর্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২১ অনুযায়ী সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য। এই লক্ষ্যকে সামনে রেখে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ, সেবামুখী, কল্যাণধর্মী ও দায়বদ্ধ জনপ্রশাসন গড়ে তোলা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিলক্ষ্য। জনপ্রশাসন অন্য যেকোনো সময়ের তুলনায় অধিক জনবান্ধব ও সেবামুখী।
জনসেবা দানের ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিসমূহ জনবান্ধবরূপে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়াই এই প্রক্রিয়ার মুখ্য উপজীব্য। জনপ্রশাসনের সদস্য কর্তৃক জনসাধারণকে শিক্ষা, পানি ও পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্যসেবার ও জননিরাপত্তার মতো মৌলিক সেবা প্রদান নিশ্চিত করার ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবকে কীভাবে কাজে লাগানো যায় তা খুঁজে বের করাই জনপ্রশাসনের প্রাথমিক লক্ষ্য।

সোজা কথায় বলতে গেলে ইন্টারনেট অফ থিংস (আইওটি), রোবোটিক্স, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং ভার্চুয়াল রিয়েলিটি (ভিআর) ব্যবহার করে কীভাবে সেবাগ্রহীতাদের সেবার মান উন্নত করা যায়, সেবা প্রাপ্তির সময়, খরচ এবং সেবা গ্রহণে সরকারি অফিসে বারবার আসা-যাওয়া কমানোসহ বর্তমানে প্রচলিত সেবা প্রদানের ঘাটতিসমূহ মোকাবিলা করা যায়, তা নির্ধারণ করা জরুরি। যুগের চাহিদা মোকাবিলায় চতুর্থ শিল্প বিপ্লবের আবির্ভাবের কারণে নিত্যনতুন পণ্য উদ্ভাবনে ও জনসেবা প্রদানে নতুন সম্ভাবনার দ্বারও উন্মুক্ত হয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারি কর্মচারীদের যে পাঁচটি দক্ষতা প্রয়োজন

চতুর্থ শিল্প বিপ্লব আমাদের জীবন-জীবিকা, কর্মক্ষেত্র এবং সামাজিক সম্পর্ক গড়ে তোলার পদ্ধতিতে ব্যাপক পরিবর্তন এবং সম্ভাবনার দুয়ার উন্মুক্ত করছে। নতুন প্রযুক্তির বিস্তার কীভাবে ঘটে থাকে তার বিশ্লেষণে প্রায়শই উপেক্ষা করা হয় হাজার হাজার সরকারি কর্মকর্তা, যেমন- সরকারি নীতি নির্ধারক, নিয়ন্ত্রক এবং মাঠপর্যায়ে কর্মরত জনপ্রশাসনের সদস্যবৃন্দকে, যারা তাঁদের নেতৃত্বগুণের কারণে প্রযুক্তি এবং জনসাধারণের মধ্যে সেতুবন্ধন হিসাবে কাজ করেন এবং উভয়ের মধ্যে একটি ইন্টারফেস গঠন করেন।

অদূর ভবিষ্যতে, চতুর্থ শিল্প বিপ্লবের ফলে প্রতিনিয়ত উদ্ভাবিত নতুন পণ্য ও সেবা সৃষ্টির এবং ক্রমাগত অভিযোজিত হওয়ার গতি-প্রকৃতি বদলে যাচ্ছে। উদাহরণস্বরূপ, থ্রিডি মুদ্রণযন্ত্র ব্যবহার করে অত্যাধুনিক পোশাক তৈরি, বিভিন্ন নতুন ভোগ্যপণ্য থেকে শুরু করে ন্যানোটেকনোলজির ব্যবহারের মাধ্যমে নতুন চিকিৎসা পদ্ধতি উদ্ভাবন বা বায়োনিক অতিমানব সৃষ্টি, এমনকি অস্ত্র উৎপাদন করা- এর প্রতিটিই বিদ্যমান আইনি কাঠামোর উপর ব্যাপক চাপ ফেলবে। প্রযুক্তির দ্রুত প্রসারের সঙ্গে সঙ্গে সাইবার ক্রাইম বেড়ে যাওয়ার ফলে এ-সংক্রান্ত অপরাধ মোকাবিলা করা এক বড় চ্যালেঞ্জ। এর ফলে নিয়ন্ত্রক সংস্থাসমূহের অসহায়ত্ব বাড়ছে এবং অর্থনীতিতে রিয়েল-টাইমে এর প্রভাব ছড়িয়ে পড়া ঠেকানো বা মোকাবিলা করা দুরূহ হয়ে পড়ছে।

উপরন্তু, নবসৃষ্ট প্রযুক্তি জনসাধারণের ব্যবহার উপযোগী হওয়ার আগে একটি আইনি কাঠামোর মাধ্যমে যাওয়ার কথা, কিন্তু নিত্যনতুন প্রযুক্তি উদ্ভাবনের হার অতিদ্রুত বৃদ্ধি পাওয়ায় জনসাধারণের মধ্যে বিদ্যমান বিভিন্ন সরলরৈখিক সম্পর্ক প্রতিনিয়ত ভেঙে পড়ছে; নতুন প্রযুক্তি এবং নিয়ন্ত্রক-সংস্থাসমূহ সেই উদ্ভাবন প্রক্রিয়ার সঙ্গে তাল মিলিয়ে সক্ষমতা অর্জন করতে না পারার কারণে। চতুর্থ শিল্প বিপ্লবের এ যুগে জনসাধারণ উক্ত প্রযুক্তি ও সেবাসমূহের আর্থিক, সামাজিক এবং পরিবেশগত প্রভাবগুলোর সঙ্গে সম্পূর্ণরূপে পরিচিত হওয়ার আগেই নতুন প্রযুক্তি ব্যবহার এবং অভিজ্ঞতা লাভ করছে।

এই নতুন বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে নেওয়া এবং সেগুলো সুচারুরূপে ব্যবহার করা চতুর্থ শিল্প বিপ্লবের স্থায়িত্ব এবং আমাদের দেশে সরকারি প্রতিষ্ঠানগুলোর প্রাসঙ্গিকতার জন্য গুরুত্বপূর্ণ। চতুর্থ শিল্প বিপ্লবের সঙ্গে কার্যকরভাবে মানিয়ে নেওয়ার জন্য সরকারি কর্মকর্তাদের জন্য পাঁচটি দক্ষতা সমান গুরুত্বপূর্ণ:

১. প্রযুক্তিগত জ্ঞান

একজন সরকারি কর্মকর্তা হলেন আইন দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত এমন এক ব্যক্তি যার উপর দেশের আপামর জনসাধারণের আস্থা রয়েছে। সমাজে পরিবর্তন ব্যবস্থাপনায় তাঁর ভূমিকা অগ্রগণ্য। তাই, চতুর্থ শিল্প বিপ্লবের এ যুগে প্রযুক্তিগত দক্ষতা এবং জনস্বার্থে এর প্রয়োগ, একজন সরকারি কর্মকর্তার জন্য মৌলিক দক্ষতা।

২. উচ্চ মানের ডেটা ব্যবহার, সংরক্ষণ ও ব্যবস্থাপনা

সরকারি কর্মকর্তাদের প্রযুক্তি ও পেশাগত দক্ষতাকে অবশ্যই বিগ ডেটার সঙ্গে সন্নিবেশ করতে হবে। যেহেতু চতুর্থ শিল্পবিল্পব সাইবার এবং ভৌত বিশ্বকে নতুন উপায়ে একত্রিত করেছে, নাগরিকেরা নিজেরাই এখন ডেটার ভান্ডারে পরিণত হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবের ফলে দ্রুতগতিতে উৎপন্ন ডেটার পরিমাণ পূর্বে ঘটে যাওয়া যেকোনো কিছুর চেয়ে আকার ও আয়তনে অনেক বড়। এমতাবস্থায়, সরকারকে অবশ্যই উচ্চ কম্পিউটিং শক্তি এবং বিগ ডেটা ব্যবহার, সংরক্ষণ ও ব্যবস্থাপনায় সক্ষম করে গড়ে তুলতে হবে।

৩. জনসম্পৃক্ততার মাধ্যমে কর্মসম্পাদন

আধুনিক ও কার্যকর প্রশাসন ব্যবস্থার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো আইনি কাঠামো ও বিধিবিধান সংস্কার বা উন্নয়ন কার্যক্রমে নাগরিকসহ অংশীজনদের সম্পৃক্ত করা। সে জন্য চতুর্থ শিল্প বিপ্লবের স্থায়িত্ব দেওয়ার জন্য সেবাগ্রহীতাদের মতামত (পাবলিক ইনপুট), প্রারম্ভিক সতর্কতা, ডেটা এবং সরকারি কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন সেবাদানকারী এবং সেবাগ্রহীতাদের মিথস্ক্রিয়ার জন্য একটি কার্যকর ইন্টারফেস এবং চ্যানেল তৈরি করা প্রয়োজন।

৪. বিশ্বব্যাপী নেটওয়ার্ক স্থাপন

চতুর্থ শিল্প বিপ্লব হলো শিল্পখাতের বিভিন্ন সেক্টর এবং সংস্থাগুলোর মধ্যে বৈশ্বিক সহযোগিতার ফসল। একইভাবে, সরকারি কর্মকর্তা, ব্যবসা প্রতিষ্ঠান এবং জনসাধারণের মধ্যে মিতস্ক্রিয়ার ফলে চতুর্থ শিল্প বিপ্লব-বিষয়ক তত্ত্বাবধান ব্যবস্থা এবং আইনি কাঠামো সৃজন করতে হবে। এই আইনি কাঠামো ব্যবহৃত হবে তথ্য-উপাত্ত সংগ্রহ করতে, বিভিন্ন সেক্টরের সর্বোত্তম অনুশীলনগুলোর (Best Practices) আদান-প্রদান নিশ্চিত করতে এবং চতুর্থ শিল্প বিপ্লবের ক্ষতিকারক প্রভাবগুলো বন্ধ করতে। বিভিন্ন পণ্য ও সেবা-সংক্রান্ত বর্তমান ও পূর্বের বিচ্ছিন্ন পুরানো মডেলগুলোকে স্বচ্ছ এবং চিন্তাশীল কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নেটওয়ার্কের ভিতর আনতে হবে। এই নেটওয়ার্কগুলিতে একাডেমিয়া (Academia) একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যেমনভাবে বর্তমানে একটি নির্দিষ্ট প্রযুক্তি বিষয়ে গভীর জ্ঞানসমৃদ্ধ তৃতীয় পক্ষের সংস্থাগুলো করে থাকে।

৫. উদার এবং তীক্ষ্ণধী সম্পন্ন প্রশাসন

মৌলিকভাবে, চতুর্থ শিল্প বিপ্লবের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মকর্তাদের সকল সেবার মান নির্ধারণ এবং অনলাইনসহ সকল ক্ষেত্রে জননিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে সরকারের লক্ষ্য, উদ্দেশ্য এবং ভূমিকা সম্পর্কে একটি স্পষ্ট ধারণা রাখতে হবে। এর পাশাপাশি তাঁদের সর্বদা কৌতূহলি ও অনুসন্ধিৎসু হতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবের সুবিধা পেতে গেলে সরকারের নিয়ন্ত্রণ প্রক্রিয়াগুলোর ক্রমাগত উন্নতি ও সংস্কারসহ জনবান্ধব, পরিবর্তনমুখী ও তীক্ষ্ণধী সম্পন্ন প্রশাসন গড়ে তুলতে হবে।

ভবিষ্যৎ প্রস্তাব

ডিজিটাইজেশনের প্রায়োগিক অর্থগুলোর মধ্যে অন্যতম হলো স্বয়ংক্রিয়তা। আর এ স্বয়ংক্রিয়তার বাস্তবভিত্তিক, মানসম্পন্ন, জনচাহিদাভিত্তিক, দক্ষ ও কার্যকর ব্যবহারের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাবসমূহ বিবেচনা করা যায়:

প্রস্তাব-১: উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ:

২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে একটি উন্নত দেশ। সে উন্নত দেশ হতে গেলে পণ্য বা সেবা তা যাই হোক না কেন কম খরচে অধিক উৎপাদনে মনোযোগ দিতে হবে। অর্থাৎ উৎপাদক প্রতিষ্ঠানসমূহ Diminishing Return To Scale (ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন)-এর পাল্লায় পড়বে না। একটি উদাহরণ দিলে বিষয়টি আরও পরিষ্কার হবে; যেমন: ১৯৯০ সালে ডেট্রয়েটের বয় তিন কোম্পানির সম্মিলিত মূলধনের বাজার মূল্য ছিল ৩৬ বিলিয়ন ডলার আর কর্মী ছিল ১২ লক্ষ। ২০১৪-তে সিলিকন ভ্যালির সবচেয়ে বড় তিন কোম্পানির মূলধনের বাজার মূল্য ১.০৯ বিলিয়ন ডলার। কিন্তু তাদের কর্মীসংখ্যা ছিল মাত্র একলক্ষ সাঁইত্রিশ হাজার। আর এটা হয়েছে প্রযুক্তির স্মার্ট ব্যবহারের ফলে।

প্রস্তাব-২: প্রযুক্তি বান্ধব নতুন প্রজন্ম:

দ্বিতীয় প্রস্তাব আসবে প্রথম প্রস্তাবের সূত্রধরেই। প্রযুক্তির উন্নততর এবং স্মার্ট ব্যবহার যদি জনবহুল বাংলাদেশে শুরু হয়, তাহলে বেকারত্বের হার বৃদ্ধির প্রাসঙ্গিক ভাবনা স্বাভাবিক ভাবেই আমাদের ভাবতে হবে। এই ভাবনা নিয়ে বিখ্যাত ব্রিটিশ অর্থনীতিবিদকে ইন্স ১৯৩১ সালে আশঙ্কা প্রকাশ করে ছিলেন প্রযুক্তির অগ্রগতির সঙ্গে বেকারত্ব বৃদ্ধির নেতিবাচক প্রভাব নিয়ে। তবে তাঁর সে আশঙ্কা এখন পর্যন্ত ভুল প্রমাণিত হয়েছে। প্রযুক্তিগত উদ্ভাবন সবসময়ই কিছু না কিছু পরিমাণ চাকরি হ্রাস করেছে তবে তা প্রতিস্থাপিত হয়েছে ভিন্ন ধরণের কর্ম প্রক্রিয়ার মাধ্যমে। কৃষিকেই উদাহরণ হিসাবে ধরলে দেখব যে, স্বাধীনতা উত্তর বাংলাদেশের অর্থনীতিতে কৃষি শ্রমিক ছিল মোট শ্রমশক্তির প্রায় ৮৫%, বর্তমানে ৪৫.৩৩%। জিডিপিতে ১৯৭২ সালে কৃষির অবদান ছিল ৪৩.০৫%, আর বর্তমানে অবদান প্রায় ১১.২০% এবং তা ক্রমহ্রাসমান। এই নাটকীয় পরিবর্তন আকস্মিক ভাবে ঘটেনি, ঘটেছে বেশ ধীরে ধীরে। ফলে বিপুল কোনো কর্মহীন পরিবেশ তৈরি হয়নি।তবে আশঙ্কার জায়গাটা এখনও বিদ্যমান; কারণ, চতুর্থ শিল্প বিপ্লবের গতি-প্রকৃতি ও ব্যাপ্তি অন্য তিনটি শিল্প বিপ্লবের তুলনায় অধিকতর শক্তিশালী ও সর্বগ্রাসী। সুতরাং, আমাদের প্রযুক্তিজ্ঞান সম্পন্ন নতুন প্রজন্ম সৃষ্টি করতে হবে, যাতে তারা কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে খাপখাইয়ে চলতে পারে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করতে পারে।

প্রস্তাব-৩: অর্থনৈতিক প্রবৃদ্ধি ও নৈতিকতা:

অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর চতুর্থ শিল্প বিপ্লবের যে প্রভাব পড়বে, তা নিয়ে অর্থনীতিবিদগণ দ্বিধাবিভক্ত। নিরাশাবাদীরা বলেন ডিজিটাল বিপ্লবের জরুরি অবদানগুলো ইতোমধ্যেই শেষ হয়েছে আর উৎপাদনের উপর তাদের প্রভাব প্রায় শেষের পথে। বিপরীত দিকে আশাবাদীরা বলেন, প্রযুক্তি ও উদ্ভাবন অবস্থান করছে একটি ইনফ্লেকশন বা স্যাডেল পয়েন্টে, শীঘ্রই তা উৎপাদনশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে। তবে তা যদি সত্য হয় ভুক্তভোগী হবে সেই শ্রমজীবীরাই। কারণ উৎপাদনের চারটি ফ্যাক্টরের মধ্যে কোম্পানিগুলো বেছে নেবে কম শ্রমিক বেশি মূলধন প্রক্রিয়া যার ফলাফলস্বরূপ কম মূল্যে শ্রম ক্রয়ের প্রবণতা বাড়বে। এর বাস্তব উদাহরণ আমাদের দেশের তৈরি পোশাক শিল্প। সুতরাং শ্রম আইন আরও বেশি বাস্তবসম্মত ও শ্রমিকবান্ধব করার প্রস্তুতি নিয়ে রাখতে হবে

প্রস্তাব-৪: লিঙ্গ বৈষম্য ও স্মার্ট বাংলাদেশ:
ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের জেন্ডার গ্যাপ রিপোর্ট ২০১৫-এর দশম সংস্করণে প্রকাশিত হয় দুটি উদ্বেগজনক প্রবণতা- (ক) বর্তমান ধারায় এগোতে থাকলে দুনিয়াব্যাপী অর্থনৈতিক লিঙ্গ সমতা অর্জিত হতে আরও সময় লাগবে ১১৮ বছর এবং (খ) সমাজে নর-নারীর বৈষম্য দূর হচ্ছে না;

এই বিষয়দুটি বিবেচনায় নিয়ে বলা যায় লিঙ্গ বৈষম্যের উপর চতুর্থ শিল্প বিপ্লব বা স্মার্ট বাংলাদেশের প্রভাব এখনো পরিপূর্ণভাবে অনুমেয় না হলেও অতীতের অভিজ্ঞতায় দেখা যায় সমাজের যে কোনো নেতিবাচক প্রভাব নারীদেরই প্রথম আঘাত করে। এখন গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো নারীপ্রধান পেশা নাকি পুরুষপ্রধান পেশা কোনটি বেশি অটোমেশন-এর দিকে ঝুঁকবে, তার উপর নির্ভর করবে লিঙ্গ বৈষম্য কমবে না বাড়বে। আমাদের প্রথমে নারীপ্রধান পেশা চিহ্নিত করতে হবে এবং নারীপ্রধান পেশা বেশি ঝুঁকির মধ্যে পড়বে এমনটা ধরে নিয়ে আমরা যদি এখনই প্রস্তুতি নিয়ে রাখি, তবে আসন্ন বিপদ (যদি আসে) মোকাবিলায় আমরা সফল হব।

প্রস্তাব-৫: পরিবেশনবায়ন ও রক্ষনাবেক্ষণ:
বিশ্ব অর্থনৈতিক ফোরামের প্রজেক্ট স্টিম লাইন নামক প্রকল্পটি চক্রাকার অর্থনীতির একটি দারুণ মডেল সম্বন্ধে ধারণা দেয়। শুধু ব্যক্তি, প্রতিষ্ঠান, সরকার নয় আমাদের পরিবেশও এই চক্রাকার অর্থনীতির অংশ। আমাদের অর্থনৈতিক কর্মকাণ্ডের কারণে পরিবেশের ক্ষতি হলে তা পুষিয়ে নিতে পরিকল্পনা গ্রহণ করতে হবে। স্মার্ট শিল্পে উৎপাদনের ভৌত উপকরণ, জ্বালানি, শ্রম আর জ্ঞান এমনভাবে সম্মিলিত করতে হবে, যাতে পরিবেশ থেকে আহরিত সম্পদ প্রত্যর্পণ ও প্রতিস্থাপন করা যায়। এতেই নতুন চক্রাকার অর্থনীতি তৈরি করা যাবে, যা হবে টেকসই।

প্রস্তাব-৬: জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধি:
সরকারি কর্মচারীগণকে সরকারের সকল নীতি, নির্দেশ, কার্যক্রম, উদ্যোগ ও কর্মকান্ড সফলভাবে সম্পাদনের জন্য সদা প্রস্তুত থাকতে হবে। জনপ্রশাসন যত স্মার্ট হবে দেশ তত অগ্রসর হবে অর্থাৎ Smart Public Administration for Smart Bangladesh এই মন্ত্রে জনপ্রশাসনের সকলকে দীক্ষিত হতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান বিশ্বাস করতেন যে, সোনার বাংলা গড়তে সোনার মানুষ প্রয়োজন। সে কারণে, প্রজাতন্ত্রে নিয়োজিত কর্মচারীগণের মেধা সম্পদের যথাযথ কার্যকর ব্যবহার নিশ্চিত করতে এবং একটি আধুনিক উন্নত বাংলাদেশ গঠনে অন্যতম চালিকা শক্তি হিসাবে সরকারি কর্মচারীগণকেও স্মার্ট হতে হবে। সেই স্মার্টনেস প্রতিফলিত হবে তাঁদের চলনে-বলনে, কাজে-কর্মে, জনসেবায় ও দেশপ্রেমে। সে লক্ষ্যে ইতোমধ্যে সরকারি কর্মচারীদের জন্য প্রণীত বিভিন্ন প্রশিক্ষণ সিলেবাসে তথ্য ও প্রযুক্তি নির্ভর মডিউল অন্তর্ভূক্ত করা হয়েছে। তবে এ পর্যন্ত স্মার্ট জনপ্রশাসন গড়ে তুলতে যেসকল উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা যথেষ্ট কি না সে ব্যাপারে বৎসরান্তে মূল্যায়ন পূর্বক সংযোজন-বিয়োজন ও হালনাগাদ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা সমীচীন হবে। সরকারের সকল স্তরের নিয়োগ পরীক্ষায় দক্ষতা যাচাই এমন হতে হবে যেন স্মার্ট বাংলাদেশ গঠনে কর্মচারীগণ কর্মজীবনের প্রারম্ভ হতেই ভূমিকা রাখতে পারেন। সে জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনসহ নিয়োগকারী সকল কর্তৃপক্ষকে পদক্ষেপ নিতে হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বিপ্লবকে বুনিয়াদ ধরে পরবর্তী পদক্ষেপ স্মার্ট বাংলাদেশ সৃজনের প্রয়াসকে তুলে ধরার একটি ক্ষুদ্র প্রচেষ্টা এ প্রবন্ধটি। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ যেমন সফল হয়েছে, তেমনি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণেও সফল হবে। জনপ্রশাসনের কর্মকর্তাদের যেহেতু ডিজিটাল বাংলাদেশ গঠনের অভিজ্ঞতা রয়েছে সে জন্য স্মার্ট বাংলাদেশ গঠনেও তাঁরা সক্রিয় ও কার্যকর ভূমিকা রাখতে পারবেন বলে আশা করা যায়।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয় প্রকাশিত ম্যাগাজিন 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৩'

প্রফেসর ড. স্বপন চন্দ্র মজুমদার
অধ্যাপক, অর্থনীতি বিভাগ
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশের অভিযাত্রা

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও আইসিটি খাতে বিপ্লব সাধন, করোনা মহামারি মোকাবিলায় অসামান্য সাফল্যে বাংলাদেশকে দক্ষিণ এশিয়ায় শীর্ষে ও বিশ্বে পঞ্চম স্থানে আসীন করা, দেশকে উন্নয়নশীল বিশ্বের কাতারে শামিল করাসহ বাংলাদেশের অসংখ্য কালোত্তীর্ণ অর্জনের কারিগর সফল রাষ্ট্রনায়ক জননেত্রী শেখ হাসিনা। বাবার 'সোনার বাংলা' গড়া অসমাপ্ত কাজ বাস্তবায়ন করার লক্ষ্যে আলোকবর্তিকা হাতে বঙ্গবন্ধু কন্যা এ দেশের মানুষকে স্বপ্ন দেখিয়েছেন 'স্মার্ট বাংলাদেশ' গড়ে তোলার। জ্ঞানভিত্তিক অর্থনীতি, উদ্ভাবনী জাতি এবং একটি অর্ন্তভূক্তিমূলক ডিজিটাল সমাজ গঠন করায় হবে স্মার্ট বাংলাদেশ রূপকল্পের প্রধান দিক।

২০২২ সালের ১২ ডিসেম্বর ডিজিটাল দিবসের উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'স্মার্ট বাংলাদেশ' গড়ার রূপকল্প-২০৪১ এর ঘোষণা করেন। ১১ জানুয়ারি-২০২৩ জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে এ সংকল্পের পুনরাবৃত্তি করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হবে এবং মাথাপিছু গড় আয় হবে ৫ হাজার ৯০৬ ডলারের ওপরে এবং ২০৪১ সালে বাংলাদেশ হবে একটি উন্নত দেশ, যেখানে মাথাপিছু আয় হবে ১২ হাজার ৫০০ ডলারের বেশি।' স্মার্ট বাংলাদেশ বলতে স্মার্ট নাগরিক, স্মার্ট সমাজ, স্মার্ট অর্থনীতি, স্মার্ট স্বাস্থ্য, স্মার্ট কৃষি, স্মার্ট শিক্ষা, স্মার্ট যোগাযোগ, স্মার্ট অর্থনীতি, স্মার্ট প্রযুক্তি, স্মার্ট সোসাইটি ও স্মার্ট সরকার গড়ে তোলাকে বোঝানো হয়েছে। যেখানে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রম স্মার্ট পদ্ধতিতে রূপান্তর, সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং উন্নয়নে দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণসহ সরকারি বিভিন্ন সেবা কার্যক্রম ডিজিটালাইজেশন করা হবে। ভবিষ্যৎ স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। শতভাগ ডিজিটাল অর্থনীতি আর বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক সাক্ষরতা অর্জিত হবে, তৈরি হবে পেপারলেস ও ক্যাশলেস সোসাইটি।

স্মার্ট বাংলাদেশের নাগরিক ও স্মার্ট হবে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্বাস্থ্যকর জীবনধারা, উন্মুক্ত মন, বহুসাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি, সৃজনশীলতা, পরিবর্তিত পরিস্থিতিতে অত্যন্ত নমনীয় এবং স্থিতিস্থাপক, পেশাদারিত্ব, উচ্চ মানব উন্নয়ন সূচক, বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোকে একীভূত করে, জীবনমূখী শিক্ষা, উচ্চ মানব পুঁজি, উচ্চ স্নাতক তালিকাভূক্তির অনুপাতের ভিত্তিতে স্মার্ট নাগরিকের ধারণা সুস্পষ্ট হবে। পাশাপাশি 'স্মার্ট ইকোনমি' উচ্চ উৎপাদনশীলতা, অর্থনৈতিক ডিএনএ (ডিএনএ ইকোনমিক্স হলো একটি বিশেষজ্ঞ অর্থনীতির পরামর্শদাতা, যা ব্যবসা, কৌশল এবং নীতিগত দক্ষতাকে একত্র করে), নতুন উদ্ভাবন, যা বিশ্ববিদ্যালয়গুলো দ্বারা সমর্থিত, পর্যটন, উচ্চ মূল্যবোধের সৃজনশীলতা এবং নতুন ধারণা, ভারসাম্যপূর্ণ এবং টেকসই অর্থনৈতিক উন্নয়ন, আলোকিত উদ্যোক্তা নেতৃত্ব, জাতীয় ব্র্যান্ড বিকাশ ও সমর্থন করা, বিভিন্ন অর্থনৈতিক সুযোগ, কৌশলগত বিনিয়োগ, স্থানীয়ভাবে চিন্তা করে, আঞ্চলিকভাবে কাজ করে এবং বিশ্বব্যাপী প্রতিযোগিতা করে। এটি গড়ে তুলতে দেশব্যাপী ডিজিটাল সেন্টারগুলোতে প্রবাসী হেল্পডেস্ক চালু, সরকারের আর্থিক অন্তর্ভূক্তি কার্যক্রম ত্বরান্বিতকরণে ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের নিয়ে 'সাথী' নেটওয়ার্ক সৃষ্টি, দেশের সব পরিষেবা বিল প্রদানের পদ্ধতি সহজীকরণে সমন্বিত পেমেন্ট প্ল্যাটফর্ম 'একপে'তে আটটি আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানের নতুন পেমেন্ট চ্যানেলযুক্ত করা হয়েছে।

স্মার্ট সরকারের বৈশিষ্ট্য হবে দায়িত্বশীলতা, প্রতিক্রিয়াশীলতা, জনবান্ধব নগর ব্যবস্থাপনা, ই-গণতন্ত্র, স্বচ্ছতা, টেকসই নগর উন্নয়ন কৌশল, অংশগ্রহণমূলক নীতি প্রণয়ন ও দক্ষতার সঙ্গে এবং কার্যকরভাবে বাস্তবায়ন করা। বাস্তবায়নের অংশ হিসেবে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য ডিজিটাল সেন্টারভিত্তিক ওয়ানস্টপ সেবাকেন্দ্র এবং প্রকল্পের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে পিপিএস এবং আরএমএস সফটওয়্যার ও অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট (আরএমএস) সিস্টেম চালু করা হয়েছে। স্মার্ট বাংলাদেশের রূপকল্পের আরেকটি গুরুত্বপূর্ণ প্রত্যয় হলো 'স্মার্ট প্রকৃতি'। প্রকৃতির সঙ্গে বসবাস এবং তা রক্ষা করে, আকর্ষণীয় এবং প্রাকৃতিক স্থাপনা, প্রাকৃতিক ঐতিহ্য, অনন্য প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য এবং পরিবেশ সংরক্ষণ, স্মার্ট পরিবেশ, দক্ষতার সঙ্গে এবং কার্যকর ভাবে প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, বিনোদনের সুযোগ, সবুজ শহর ও পরিচ্ছন্ন শহর, পর্যাপ্ত এবং প্রবেশযোগ্য সর্বজনীন সবুজ স্থান গড়ে তোলাই হলো স্মার্ট প্রকৃতির লক্ষ্য।

বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতায় এসে পদ্মা সেতু, পদ্মা রেল প্রকল্প, মেট্রোরেল, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে, রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র, কর্ণফুলী টানেল, মাতারবাড়ী তাপ বিদ্যুৎকেন্দ্র, পায়রা সমুদ্রবন্দর ও বিদ্যুৎকেন্দ্র, রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্রের মতো বেশ কিছু মেগা প্রকল্প হাতে নেয়। ইতোমধ্যে পদ্মা সেতু ও মেট্রোরেল প্রকল্প বাস্তবায়ন হয়েছে ও বাকি আটটি প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে চলছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়া আগামীমাসে কর্ণফুলী টানেল উদ্বোধনের মাধ্যমে যোগাযোগ অবকাঠামোয় নতুন মাইলফলক ছুঁতে যাচ্ছে বাংলাদেশ। বঙ্গবন্ধু কন্যার টানা তিন শাসনামলে দেশের অর্থনৈতিক অগ্রগতির উন্নয়নমূলক চিত্র বাংলাদেশের অর্থনীতির বিগত ১৩ বছরের সামষ্টিক সূচকগুলো বিবেচনা করলেই স্পষ্ট হয়। ২০০৯ সালে বাংলাদেশের জিডিপির আকার ছিল মাত্র ১০২ বিলিয়ন ডলার, যা বর্তমানে ৪৬০ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। মাথাপিছু আয় ৭০২ ডলার থেকে বৃদ্ধি পেয়ে বর্তমানে ২ হাজার ৭৯৩ ডলারে দাঁড়িয়েছে। এ ধারাবাহিকতা দেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তর করবে।

দেশে প্রযুক্তির বিস্ময়কর অগ্রযাত্রা বর্তমানে পুরোপুরি দৃশ্যমান। দেশব্যাপী ২৮টি হাইটেক পার্ক করা হয়েছে। মাত্র ১৩ বছরে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৫৬ লাখ থেকে বেড়ে হয়েছে ১৩ কোটি এবং মোবাইল সংযোগের সংখ্যা ১৮ কোটিরও বেশি। এরই মধ্যে মহাকাশে বাংলাদেশের প্রথম স্যাটেলাইটসহ কয়েকটি বড় প্রাপ্তি বিশ্ববাসীর কাছে বাংলাদেশকে নিয়ে গেছে অন্যরকম এক উচ্চতায়। বাংলা গভর্নেট ও ইনফো সরকার-২ প্রকল্প বাস্তবায়ন করেছে। ফলে ১৮ হাজার ৫০০টি সরকারি অফিস নেটওয়ার্কের আওতায় এসেছে। ৮০০ সরকারি অফিসে ভিডিও কনফারেন্সিং সিস্টেম, ২৫৪ এগ্রিকালচার ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন সেন্টার (এআইসিসি) ও ২৫ টেলিমেডিসিন সেন্টার স্থাপন করা হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নারী উদ্যোক্তাদের উপস্থিতি বাড়ছে। দেশে কেনাকাটা সংক্রান্ত ১২ হাজার পেজ চালাচ্ছে নারীরা। 'স্মার্ট বাংলাদেশ-২০৪১' রূপকল্প বাস্তবায়নে মহাকাশ অর্থনীতি নামে আরেকটি খাত দেখা যেতে পারে। মানুষের দোরগোড়ায় সেবা প্রদানের জন্য সারা দেশে প্রায় ৪ হাজার ৪০০টি ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে।

ডিজিটাল সেন্টার থেকে বর্তমানে প্রতি মাসে গড়ে ৭০ লাখেরও বেশি মানুষকে সেবা দেয়া হচ্ছে। এখন পর্যন্ত নাগরিকরা ৪০ কোটিরও বেশি পরিষেবা পেয়েছেন ডিজিটাল সেন্টার থেকে। ফলে নাগরিকরা ৭৮.১৪% কর্মঘণ্টা, ১৬.৫৫% খরচ বাঁচাতে এবং ১৭.৪% ভ্রমণ ব্যয় থেকে রক্ষা পেয়েছে। কাগজবিহীন যোগাযোগের ফলে ই-ডকুমেন্টের মাধ্যমে ২ কোটি ৪ লাখেরও বেশি ফাইল নিষ্পত্তি করা হয়েছে। ই-মিউটেশন সিস্টেমের মাধ্যমে অনলাইনে ৪৫.৬৮ লাখেরও বেশি আবেদন নিষ্পত্তি করা হয়েছে। বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানের ফলে দেশে স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে উঠেছে। প্রায় ২,৫০০ স্টার্টআপ সক্রিয়ভাবে কাজ করছে, যারা আরও প্রায় ১.৫ মিলিয়ন কর্মসংস্থান সৃষ্টি করেছেন। শুধু সাত বছরে এ খাতে ৭০০ মিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে। অনলাইন কর্মশক্তিতে বাংলাদেশ বর্তমানে দ্বিতীয় স্থানে রয়েছে। প্রায় ৬ লাখ ৫০ হাজার প্রশিক্ষিত ফ্রিল্যান্সার আউটসোর্সিং সেক্টর থেকে কমপক্ষে ৫০০ ডলার মিলিয়ন আয় করছে। ১৩ বছর আগে আইটি অর্থনীতির আকার ছিল মাত্র ২৬ মিলিয়ন ডলার আর বর্তমানে তা ছাড়িয়ে গেছে ১.০৪ বিলিয়ন ডলারে। সরকার ২০২৫ সালের মধ্যে আইসিটি রপ্তানি ৫ বিলিয়ন ডলারে উন্নীত করার এবং প্রশিক্ষণের মাধ্যমে আইসিটি খাতে ৩ লাখ কর্মসংস্থানের লক্ষ্য নির্ধারণ করেছে।

শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসার পর একযুগ (২০১০-২২) ধরে বাংলাদেশ গড়ে ৬ দশমিক ৪ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন করেছে। ২০১৭ থেকে ২০২২ সাল পর্যন্ত ছয় বছর গড় প্রবৃদ্ধির হার ছিল ৬ দশমিক ৫ শতাংশ। এ সময় কর্মসংস্থান বেড়েছে এবং দারিদ্র্য হ্রাস পেয়েছে। সরকার ধারণা করছে, ২০২২-২৩ সালে জিডিপি প্রবৃদ্ধি হার হবে ৬ দশমিক ৫ শতাংশ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রকাশিত 'শ্রমশক্তি জরিপ-২০২২' অনুযায়ী, দেশের বেকারত্বের হার ৪ দশমিক ৩ শতাংশ থেকে কমে ৩ দশমিক ৬ শতাংশ হয়েছে। বাংলাদেশকে দারিদ্র্যমুক্ত করতে বিশেষ ভূমিকা রাখায় শেখ হাসিনাকে 'আয়রন লেডি' উপাধি দেয় 'দ্য ইকোনমিস্ট'। ডেল্টা প্ল্যান-২১০০ এর অধীনে, বর্তমান পরিকল্পনা সুনীল অর্থনৈতিক সম্পদ (মৎস্য, সামুদ্রিক শৈবাল, খনিজসম্পদ) আহরণের ওপর সরকার দৃষ্টি নিবদ্ধ করেছে। বিশ্বের তথ্যপ্রযুক্তিতে অগ্রগামী দেশগুলোর উত্তম পদক্ষেপগুলো যাচাই করে 'স্মার্ট বাংলাদেশ: আইসিটি মাস্টারপ্ল্যান-২০৪১' এ মোট ৪০টি মেগা প্রকল্প গ্রহণের প্রস্তাব করা হয়েছে, যেসব কার্যক্রম পরিচালনার অন্যতম লক্ষ্য ২০৪১ সাল নাগাদ জাতীয় অর্থনীতিতে আইসিটি খাতের অবদান অন্তত ২০ শতাংশ নিশ্চিত করা।

ইতোমধ্যে এটুআইসহ সরকারের বিভিন্ন দপ্তর/সংস্থা 'স্মার্ট বাংলাদেশ' বাস্তবায়নে কার্যক্রম শুরু করেছে। এটুআই দেশি-বিদেশি বিভিন্ন অংশীজনের সহায়তায় 'স্মার্ট ভিলেজ', 'স্মার্ট সিটি' এবং 'স্মার্ট অফিস' কনসেপ্টের পাইলটিং শুরু করেছে। যথার্থ জ্ঞান, দক্ষতা এবং যোগ্যতাসম্পন্ন সিভিল সার্ভিস গড়ে তুলতে এটুআই পরিচালনা করছে 'সিভিল সার্ভিস ২০৪১: ডিজিটাল লিডারশিপ জার্নি'। তবে স্মার্ট বাংলাদেশ গড়ার সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো এদেশের বৃহৎ জনবলকে উৎপাদন কাজে যুক্ত করা, তাদের দক্ষ করে তোলা, কর্মসংস্থান সৃষ্টি, উপযুক্ত পরিকল্পনা ও বাস্তবায়ন, আমলাতান্ত্রিক জটিলতা হ্রাস, দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্সে যাওয়া। তবেই দেশের মানুষ উপযুক্ত শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতার ভিত্তিতে দেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তর করবে।

২০০৮ সালে শেখ হাসিনা বলেছিলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলবেন। আজ বাংলাদেশ সত্যিকার অর্থে ডিজিটাল বাংলাদেশে পরিণত হয়েছে। এখন যে স্মার্ট বাংলাদেশের কথা বলছেন তাও শেখ হাসিনার নেতৃত্বেই সম্ভব। তবে বঙ্গবন্ধু কন্যার এ অভিযাত্রায় যুক্ত হতে হবে দেশের সব পেশা ও শ্রেণির মানুষকে, নিজ নিজ জায়গা থেকে নৈতিকতার সঙ্গে নিজেদের দায়িত্ব পালনের মাধ্যমেই বঙ্গবন্ধু সোনার বাংলা গড়ে তোলা সম্ভব।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কৃতজ্ঞতা : দৈনিক বাংলা)

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক কর্মশালার স্থির চিত্র

স্মার্ট এডুকেশন বাস্তবায়নে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্কুল ও কলেজ পর্যায়ে শিক্ষকদের সাথে সৌজন্য সাক্ষাৎ ও প্রশাসনিক সফরের স্থির চিত্র-১।

স্মার্ট এডুকেশন বাস্তবায়নে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্কুল ও কলেজ পর্যায়ে শিক্ষকদের সাথে সৌজন্য সাক্ষাৎ ও প্রশাসনিক সফরের স্থির চিত্র-২।

জেলা প্রশাসন পর্যায়ে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় প্রশাসনিক সফরের স্থির চিত্র।

উপজেলা নির্বাহী অফিসার পর্যায়ে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় প্রশাসনিক সফরের স্থির চিত্র।

উপজেলা চেয়ারম্যান ও ইউনিয়ন চেয়ারম্যান পর্যায়ে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় প্রশাসনিক সফরের স্থির চিত্র।

ইউনিয়ন পর্যায়ে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় সচেতনতামূলক ক্যাম্পেইন ও আলোচনা সভা উদ্বোধনের স্থির চিত্র।

রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার ওয়ার্ড পর্যায়ে সচেতনতামূলক উঠান বৈঠক ও আলোচনা সভার এবং এনজিও সমন্বয় সভায় অংশ গ্রহণের স্থির চিত্র।

রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের স্থির চিত্র।

রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার পায়া ডেভেলপমেন্ট কমিটি (পিডিসি) সদস্য পর্যায় শীতবস্ত্র বিতরণ কর্মসূচি আয়োজনের স্থির চিত্র।

দুস্থ ও দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ইফতার বিতরণ এবং রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার পাড়া ডেভেলপমেন্ট কমিটি (পিডিসি) সদস্য পর্যায় বই বিতরণ কর্মসূচি ও নগদ অর্থ সহায়তার স্থির চিত্র।

সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের উদ্যোগে মহান বিজয় দিবসে শ্রদ্ধাঞ্জলী ও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের স্থির চিত্র।

সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের উদ্যোগে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, তথ্য অধিকার দিবস এবং মহান মে দিবস উদযাপনের স্থির চিত্র।

সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস ও স্থানীয় সরকার দিবস এবং সংস্থার প্রতিষ্ঠাবার্ষিকী ও বার্ষিক বনভোজন উদযাপনের স্থির চিত্র।

বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে শুভেচ্ছা বিনিময় ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সাথে সৌজন্য সাক্ষাতের স্থির চিত্র

প্রতিষ্ঠান ও সংস্থার নিবন্ধনকৃত সনদপত্র

Duplicate

Government of the People's Republic of Bangladesh

NGO AFFAIRS BUREAU

Prime Minister's Office

Registration Certificate

Registration No : 2136 Date : 07/03/2007

Under the provisions of 'The Foreign Donations (Voluntary Activities) Regulation Act, 2016' and Subject to the Conditions stated overleaf WELFARE FAMILY BANGLADESH

Address: Kathaltali, Banarupa, P. S: Kotwali, Post Code: 4500, Rangamati Sadar, Rangamati Hill District.

From: 07/03/2017 To: 06/03/2027

has this day been ~~registered~~/registration renewed.

This certificate is given under my hand and seal on this Two day of October two thousand And Twenty Three.

Prepared By
Md. Mizahoor Rahman
Upper Division Assistant
Prime Minister's Office

Director General
Sk. Md. Moniruzzaman
NGO Affairs Bureau
Prime Minister's Office

Issue No. 173385 Date: 20/07/2020

Certificate of Incorporation
(under Act XVIII of 1994)

No. C-161658/2020

I hereby certify that ***WELFARE TECHNOLOGIES SERVICES LIMITED*** *is this day incorporated under the Companies Act (Act XVIII) of 1994 and that the Company is Limited.*

Given under my hand at ***Dhaka*** *this* ***Twentieth*** *day of* ***July two thousand and twenty.***

By order of
Registrar

Assistant Registrar
Registrar of Joint Stock Companies & Firms
Bangladesh

N.B. This certificate is digitally signed. Please find the soft copy to verify the signature.

Organogram Of Welfare

Management Team (MT)- Chairman, Chairman (WFM), Senior Executive Chairman, Company Secretary, Executive Chairman, Managing Director, Chief Executive Officer, Executive Director & Project Director.Chairman/ Chairman(WFM) will be the convener of the Team.



Signature of Authority

WFM- Welfare Family Management
MT- Management Team
SEC- Senior Executive Chairman
EC- Executive Chairman
CS- Company Secretariat
MD- Managing Director
CEO- Chief Executive Officer
ED- Executive Director
PD- Project Director
SDP- Sustainable Development Policy
SEDP- Social and Economic Development Policy
Muldhan- Poverty Alleviation Policy (Muldhan)
CSS- Community Social Services

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ
প্রধান কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
চট্টগ্রাম বিভাগ, বাংলাদেশ।

বিজ্ঞপ্তি

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩

নং: **ওয়েলফেয়ার টিএসএল/প্রশাঃ/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩.০০.০৫-১৪৬**—সকলের অবগতি ও কার্যার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business) অনুসারে স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সহযোগীতা প্রদানকারী শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক ও কারিগরি সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট অন্যান্য সকল এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের সাথে সমন্বয় ও সহযোগীতায় স্মার্ট এডুকেশন এর আওতাভুক্ত সকল কাজ বা কার্যাবলি পরিচালনা করার জন্য বোর্ড অব ডাইরেক্টরস সভায় স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুমোদন করেছে।

এই বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান ও জনস্বার্থে প্রকাশ করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

নুর মোহাম্মদ সিদ্দিকী
চেয়ারম্যান।

মূল্য : টাকা ২৪.০০

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩

প্রথম অধ্যায়
সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন এবং সংজ্ঞা

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

(১) এটি **'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩'** নামে অভিহিত হবে।

(২) অন্যকোনো নীতিমালা, চুক্তি বা সমজাতীয় দলিলে ভিন্নরূপ কোনো বিধান না থাকলে, এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর ধারা, উপধারার নিম্নবর্ণিত সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি বিভিন্ন কোম্পানি, দেশি ও বিদেশি দাতাগোষ্ঠীর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত সকল বাংলা ও ইংরেজি ভার্সনের বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বা ছাত্রী ও সংশ্লিষ্ট নিয়োজিত সকলের জন্য প্রযোজ্য হবে। যথা: ১) বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ, ২) বাংলাদেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহ, ৩) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত সরকারি কলেজসমূহ, ৪) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত বেসরকারি কলেজসমূহ, ৫) পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত কলেজসমূহ, ৬) বাংলাদেশের সকল সরকারি উচ্চ বিদ্যালয়সমূহ, ৭) বাংলাদেশের সকল বেসরকারি উচ্চ বিদ্যালয়সমূহ, ৮) বাংলাদেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ, ৯) বাংলাদেশের সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ, ১০) দেশি ও বিদেশি দাতাগোষ্ঠীর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত সকল বাংলা ও ইংরেজি ভার্সনের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র বা ছাত্রী ও সংশ্লিষ্ট নিয়োজিত সকল ব্যক্তিগণের জন্য যেকোনো আইন, বিধি ও নীতিমালা যেভাবে প্রযোজ্য ছিল, সে সকল বিধানের বিষয়বস্তুর প্রতিফলনে যে সকল বিধান এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর সাথে সংযোজিত হয়েছে তা সকলের জন্য প্রযোজ্য থাকবে।

(৩) রাঙ্গামাটি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাতিষ্ঠানিক সমঝোতা স্মারক (MoU) বা চুক্তি রেজিস্টার্ড বন্ড নাম্বার দ্বারা যে তারিখ নির্ধারণ করা হয়েছে সে তারিখে বোর্ড অব ডাইরেক্টরস সভার সিদ্ধান্ত মোতাবেকে এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' কার্যকর হয়েছে।

(৪) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা**

(১) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক ও কারিগরি সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক এবং সংস্থার কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে গৃহিত 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' কে বুঝাবে।

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে **'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩'** অনুযায়ী—

(১) **"স্মার্ট বাংলাদেশ"** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ (কমিটি বিষয়ক শাখা) কর্তৃক গঠিত ও গৃহিত রূপকল্প-২০৪১ কে বুঝায়;

(২) **'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩'** বলতে সমগ্র বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্মার্ট বাংলাদেশ গঠনের ধারাবাহিকতায় ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড কর্তৃক 'স্মার্ট এডুকেশন প্রোগ্রাম' বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' প্রকাশনাকে বুঝায়;

(৩) **"মন্ত্রণালয়"** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়কে বুঝায়;

(৪) **"বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন" (ইউজিসি)** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(৫) **"মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর"** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

